


## প্রেস বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/আইন শৃঙ্খলা বাহিনী/প্রতিরক্ষা বাহিনী/সংস্থা/প্রকল্পের ডি.ও'র অনুকূলে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন খাদ্য গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্য (চাল/গম) অধিদপ্তরের মনোগ্রাম সম্বলিত বস্তাসহ অবৈধভাবে পাচার অথবা অবৈধভাবে বিক্রি ও মজুদের সময় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের হাতে আটক হচ্ছে। উক্ত আটককৃত খাদ্যশস্য (চাল/গম) খাদ্য অধিদপ্তরের মর্মে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয় এবং এতে খাদ্য অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এ বিষয়ে খাদ্য অধিদপ্তর স্পষ্টভাবে জানাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন খাদ্যগুদাম হতে খাদ্যশস্য বিতরণের সময় ওজন/মান ইত্যাদি সংশ্লিষ্ট ডি.ও গ্রহণকারী কর্তৃপক্ষ যাচাই অস্ত্রে গ্রহণ করে থাকে। সংশ্লিষ্ট গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্যের নিরাপত্তা, সংরক্ষণ ও সুবিধাভোগীদের মাঝে বিতরণের সম্পূর্ণ দায়দায়িত্ব ডি.ও গ্রহণকারী কর্তৃপক্ষের।

সুতরাং খাদ্য অধিদপ্তরের বিভিন্ন খাদ্য গুদাম হতে বিতরণের পর অবৈধভাবে পাচার, মজুত অথবা বিক্রির সময় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের হাতে আটক হলে তার দায়ভার সংশ্লিষ্ট ডি.ও গ্রহণকারী কর্তৃপক্ষের উপর বর্তায়।

এমতাবস্থায়, আটককৃত খাদ্যশস্য সরকারি কিনা তা নিশ্চিত না হয়ে ঢালাওভাবে খাদ্য অধিদপ্তরকে দোষারোপ না করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

  
29.11.28  
মোঃ আব্দুল খালেক  
মহাপরিচালক  
খাদ্য অধিদপ্তর।